২৯/৪/২০০৭

তারিখ ...
পৃষ্ঠা ৭ ৪ কলাম ৬

দৈনিক ইনকিলাব

# বরিশাল শিক্ষা বোর্ডের অধীনে এ বছর প্রথম এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে

বরিশাল ব্যুরো ঃ বরিশাল শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষা এ বছর প্রথমবারের মত আগামী ১০ মে থেকে শুরু হচ্ছে। ৩৪,০৮৫ জন পরীক্ষার্থীর মধ্যে ২০,২৩৫ জন ছাত্র, ১৩,৮৫০ জন ছাত্রী রয়েছে। বরিশাল নতুন বোর্ডের আওতায় মোট ৭৩টি কেন্দ্রে পরীক্ষা নেয়া হবে।

বরিশাল জেলায় ১৫,২৫৩ জন পরীক্ষার্থীর জন্য ২৬টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। পটুয়াখালী ১০টি কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ৫,৪২১ জন। পিরোজপুর জেলায় ১২টি কেন্দ্রে ৪,৭৬০ জন পরীক্ষার্থী অংশ নেবে। ভোলার ১০টি কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ৩,৮৩৫ জন। ঝালকাঠি জেলার ৯টি কেন্দ্রে ২,৫৪২ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। বরগুনা জেলার ৬টি কেন্দ্রে ২,২৭৪ জন পরীক্ষার্থী অংশ নেবে।

নিয়মিত পরীক্ষার্থীর সংখ্যা ২১,৫০৮ জন, অনিয়মিত ৯,৪৯১ জন। বিভাগ উন্নয়ন ২৬২ জন, প্রাইভেট ১,০৭৬ জন এবং বিশেষ পরীক্ষার্থী রয়েছে ১,৭৪৮ জন। বোর্ড চেয়ারম্যান জানান, উত্তরাধিকার সূত্রে পাওয়া পরীক্ষার্থীদের নিয়ে এ বছর প্রথমবারের মত এইচএসসি পরীক্ষার্থী অভিষেক অনুষ্ঠিত হচ্ছে। নকল প্রতিরোধে কঠোর পদক্ষেপ নেয়া হয়েছে। নিজ নিজ কলেজ কেন্দ্রে পরীক্ষায় অংশ নিতে পারবে না। এছাড়া ২ জনের কেউ একই বেঞ্চে বসতে পারবে না। সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা নেয়ার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য, ৩০টি কেন্দ্র ঝুঁকিপূর্ণ রয়েছে।